

২০
১৭-১৮

ভাগ্য ফিরছে ১৫৬২ পরীক্ষার্থীর

বরিশাল অফিস

এসএসসির রেজাল্টের ভুলের কারণ চিহ্নিত হয়েছে বরিশাল বোর্ড। কমপিউটার প্রোগ্রামিংয়ের ভুলের কারণেই এমনটা হয়েছে। এদিকে সংশোধিত ফলে ভুলের শিকার বরিশাল বোর্ডের ১ হাজার ৫৬২ পরীক্ষার্থীর ভাগ্য ফলে গেছে। সংশোধন হওয়ায় তাদের রেজাল্ট উন্নীত হয়েছে। সর্বশেষ সূত্রে জানা যায়, এবারের এসএসসি পরীক্ষার রেজাল্ট ঘোষণা করা হলে ব্যাপক ভুল ধরা পড়ে। ঘোষিত রেজাল্টের ইন্টারনেট সংস্করণ থেকে পরীক্ষার্থী ও অভিভাবকরা ভুলের বিষয়টি চিহ্নিত করেন। বিষয়টি শিক্ষা মহাশালয় অবহিত হলে সসে সসে রেজাল্ট প্রত্যাহার করে পরদিন ইন্টারনেটে সংশোধিত রেজাল্ট প্রচার করে। এদিকে সংশোধিত রেজাল্টে বরিশাল বোর্ডের ১ হাজার ৫৬২ পরীক্ষার্থীর রেজাল্ট উন্নীত হয়েছে। সর্বশেষ সূত্র জানায়, কেন্দ্রীয়ভাবে কমপিউটার প্রোগ্রামারের ভুলের কারণেই এমনটি হয়েছিল। আগে এনালগ পদ্ধতিতে কাজ করা হতো। এখন

ডিজিটাল পদ্ধতিতে কাজ করা হয়। বিভিন্ন বিষয়ে যেসব পরীক্ষার্থী ৩.৫ পেয়েছিল তাদের ৩.০ পেয়েই যোগ হয়েছে। এছাড়া ভ্রত সময়ে রেজাল্ট ঘোষণা করতে গিয়ে এমন ভুল হয়ে থাকতে পারে।

এদিকে বরিশাল বোর্ডের কন্ট্রোলার মুহাম্মদ শাহ আলমগীর জানান, সংশোধিত রেজাল্টে বরিশাল বোর্ডের ১ হাজার ৫৬২ পরীক্ষার্থীর সাপে বর হয়েছে। এদের মধ্যে ৮২২ পরীক্ষার্থী আগের রেজাল্টে পেয়েছিল বি-গ্রেড। সংশোধিত রেজাল্টে তারা পেয়েছে এ

মাইনাস। ৭২৯

পরীক্ষার্থী আগে

পেয়েছিল এ মাইনাস

এবন তারা পেয়েছে

এ গ্রেড। এছাড়া ১১ পরীক্ষার্থী গোল্ডেন-এ

পেয়েছে সংশোধিত রেজাল্টে। কন্ট্রোলার জানান, বরিশাল বোর্ডের সংশোধিত রেজাল্টের শিট কেন্দ্রগুলোতে পাঠিয়ে দেয়া হয়েছে। রেজাল্ট ভুল হওয়ার কারণে রবিবার পর্যন্ত কারো বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়া হয়নি। বরিশাল বোর্ড কন্ট্রোলার জানান, সোমবার অনুষ্ঠিতব্য পরীক্ষা কমিটির সভায় বিষয়টি আলোচনা হবে।



বরিশাল বোর্ড